গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

# উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : শরীফ শাওন<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | দুপুর ১২.৪৫ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ৩১/০৩/২০২৬খ্রি. |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। তিনি সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর কে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

| | আলোচ্য বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | বিভিন্ন বিভাগের সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রমে দ্বৈততা পরিহার সংক্রান্ত | উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন যে, সরকারের মুল্য লক্ষ্য টেকসই উন্নয়ন, দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়া এবং দারিদ্র বিমোচনের জন্য উপজেলার বিভিন্ন দপ্তর ঋণ দিয়ে থাকে এবং একই ব্যক্তি বিভিন্ন দপ্তর থেকে একাধিক বার ঋণ গ্রহণ করে থাকে। ফলে অনেক দরিদ্র ব্যক্তি রয়েছে যাদের ঋণের চাহিদা থাকা সত্বেও ঋণ পায় না। সকল দরিদ্র মানুষের কাছে ঋণের সুবিধা পৌঁছে দিতে হবে। এ জন্য ঋণ দ্বৈততা পরিহার করতে হবে। তাই ক্ষুদ্র ঋণ কার্যক্রমে দ্বৈততা পরিহার জন্য এক্সেল সিটে অভিন্ন ছকে সকল দপ্তরের ঋণ গ্রহীতার নামের তালিকা তৈরি করবে এবং সকল বিভাগের ঋণ গ্রহীতাদের নামের তালিকা নিয়ে ডাটাবেজ তৈরি করা যেতে পারে ।<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, পূর্বে তারা ঋণ বিতরণের আগে উপজেলার ঋণ সংশ্লিষ্ট সকল বিভাগকে চিঠি দিয়ে জেনে নিত ঋণ গ্রহীতা অন্য কোন বিভাগ থেকে ঋণ নিয়েছে কিনা এবং পরে ঋণ বিতরণ করা হত। তিনি আর ও বলেন যে, ডাটাবেজ ডিজিটালাইজড না হলে বিভিন্ন বিভাগের সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রমে দ্বৈততা পরিহার চ্যালেঞ্জিং হবে। | ১। ক্ষুদ্র ঋণ কার্যক্রমে দ্বৈততা পরিহার জন্য এক্সেল সিটে অভিন্ন ছকে সকল দপ্তরের ঋণ গ্রহীতার নামের তালিকা নিয়ে ডাটাবেজ তৈরির সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) উপস্থিত সদস্যগণের আলোচনা ও মতামতের ভিত্তিতে একটি অভিন্ন ছক তৈরি করার ব্যাপারে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক্ষুদ্রঋণ বিতরণে সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তা ও দপ্তর প্রধানগণ। |
| ২ | বিতরণকৃত ঋণ পরিবীক্ষণ সংক্রান্ত | উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, প্রত্যেকটি বিভাগ তাদের বিতরণকৃত ঋণ সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করে থাকে এবং গ্রহণকৃত ঋণ সঠিকভাবে ব্যবহৃত না হলে উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সভায় উপস্থাপন করা প্রয়োজন। | ১। ঋণ বিতরণকারী দপ্তর ঋণ নিয়ে ঋণ গ্রহীতা স্কীম সঠিকভাবে বাস্তবায়ন করছেন কিনা পরিবীক্ষণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক্ষুদ্রঋণ বিতরণে সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তা ও দপ্তর প্রধানগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন যে, ঋণ বিতরণকারী দপ্তর ঋণ নিয়ে ঋণ গ্রহীতা স্কীম সঠিকভাবে বাস্তবায়ন করছেন কিনা পরিবীক্ষণ করবে। | | |
| ৩ | অনাদায়ী ঋণ সংক্রান্ত | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, যারা ঋণ খেলাপি হয়েছে তাদেরকে ঋণ পরিশোধের জন্য নোটিশ দেওয়ার পর ও তারা ঋণ পরিশোধ করছে না। এছাড়া ঋণ আদায়ে তাঁর দপ্তরে দীর্ঘদিন জনবল ঘাটতি ছিলো। অনুমোদিত ১৪ টি পদের বিপরীতে এখনো ০৮ (আট) টি পদে জনবল নেই। শুন্য পদের কারণে মাঠ পর্যায়ে ঋণ আদায়ে একজন ইউনিয়ন সমাজকর্মীকে ০৩/০২ টি ইউনিয়নে দায়িত্ব পালন করতে হচ্ছে ফলে কর্মসূচি বাস্তবায়নে আদায় হ্রাস পেয়েছে ও গতি মন্থর হয়েছে। তবে কর্মরত জনবল দ্বারা সর্বোচ্চ আদায় অব্যাহত রাখতে চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। শুন্য পদ সমূহে দ্রুত জনবল পদায়ন করতে একাধিকবার পত্র প্রেরণ করা হলেও প্রায় ৩-৫ বছর যাবত এসব পদ শূন্য রয়েছে।<br><br>উপজেলা সমবায় অফিসার জানান যে, অনেক ব্যক্তি ঋণ নিয়ে ঋণ পরিশোধে গড়িমসি করে থাকে। অনেকবার ঋণ পরিশোধের তাগাদা দিলেও তারা ঋণ পরিশোধ করে না।<br><br>পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে অনেক ঋণ গ্রহীতা ঋণ নিয়ে নির্ধারিত সময়ে ঋণ পরিশোধ করে না। ঋণ পরিশোধ করতে বললে নানা অজুহাতে কালক্ষেপন করেন। এসব ঋণ খেলাপির বিরুদ্ধে সার্টিফিকেট মামলা দায়ের করা প্রয়োজন।<br><br>উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন যে, সকল দপ্তর তাদের বিতারণকৃত ঋণের কিস্তি আদায় নিশ্চিত করবেন এবং প্রথমে ঋণ খেলাপিদের ঋণ পরিশোধের জন্য নোটিশ দেওয়া যেতে পারে এবং নোটিশ দেওয়ার পরও ঋণ পরিশোধ না করলে ঋণ বিতরণকৃত সংশ্লিষ্ট দপ্তর সার্টিফিকেট মামলা করবেন। পাশাপাশি সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তা যারা ঋণ বিতরণের সাথে সম্পৃক্ত তাদের ঋণ বিতরণের তদারকির গাফিলতির বিষয় উদঘাটন করে পরবর্তী করনীয় নিশ্চিত করা যাতে এ মিটিং এর পর আরে কোন অনাদায়ী ঋণ তৈরি না হয়। | ১) প্রথমে ঋণ খেলাপিদের ঋণ পরিশোধের নোটিশ দেওয়া এবং নোটিশ দেওয়ার পরও ঋণ পরিশোধ না করলে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারী যারা ঋণ বিতরণের সাথে সম্পৃক্ত তাদের ঋণ বিতরণ ও আদায় কালীন তদারকির গাফিলতির বিষয় উদঘাটন করে পরবর্তী করনীয় নিশ্চিত করবে যাতে এ মিটিং এর পর আর কোন অনাদায়ী ঋণ তৈরি না হয়। সিদ্ধান্তটি সর্ব সম্মতভাবে গৃহীত হয়। | ক্ষুদ্রঋণ বিতরণে সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তা ও দপ্তর প্রধানগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | ঋণ মওকুফ সংক্রান্ত | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, অনেক ব্যক্তি ঋণ গ্রহীতা ঋণ পরিশোধের পূর্বে মৃত্যুবরণ করছেন এবং শারীরিকভাবে অভাব অক্ষম এবং দুর্ঘটনাজনিত কারনে ঋণ পরিশোধের সামর্থ্য নাই এমন ব্যক্তিদের ঋণ মওকুফের সুপারিশ জেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সভায় পাঠানো কথা জাতীয় সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নীতিমালায় বলা হয়েছে।<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে , ঋণ গ্রহণকৃত মৃত ব্যক্তির পরিবারে কেউ ঋণ মওকুফের জন্য আবেদন করে নাই।<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন যে, ঋণ বিতরনকারী সকল দপ্তর ঋণ পরিশোধের পূর্বে মৃত্যুবরণ করছেন এবং শারীরিকভাবে অভাব অক্ষম এবং দুর্ঘটনাজনিত কারনে ঋণ পরিশোধের সামর্থ্য নাই এমন ব্যক্তিদের ঋণ মওকুফের আবেদন আগামী উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সভায় উপস্থাপন করবেন। | ১) ঋণ বিতরনকারী সকল দপ্তর ঋণ পরিশোধের পূর্বে মৃত্যুবরণ করছেন এবং শারীরিকভাবে অভাব অক্ষম এবং দুর্ঘটনাজনিত কারনে ঋণ পরিশোধের সামর্থ্য নাই এমন ব্যক্তিদের ঋণ মওকুফের আবেদন পরবর্তী উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সভায় উপস্থাপন করবেন।সিদ্ধান্তটি সর্বসম্মতভাবে সভায় গৃহীত হয়। | উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ বাস্তবায়ন কমিটি |
| ৫ | বিবিধ আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিস অত্র উপজেলায় ঋণ সঞ্চয় এবং ঋণ কার্যক্রম পরিচালনা করেন কিন্তু এই দুইটি বিভাগ উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সদস্য না।<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন যে, দারিদ্র বিমোচনে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সঙ্গে সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে সমন্বয় সাধন করে একই ছাতার নিচে ক্ষুদ্রঋণ কার্যক্রম্ বাস্তবায়নের দিক নির্দেশনা রয়েছে । তাই জাতীয় সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০১৯ এর বিশেষ বিধান ১০ ধারার 'ঘ'উপধারা অনুসারে উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিস কে উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সদস্য হিসেবে কোঅপ্ট করা যেতে পারে। | ১)জাতীয় সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০১৯ এর বিশেষ বিধান ১০ ধারার 'ঘ'উপধারা অনুসারে উপজেলা<br>ক)দারিদ্র বিমোচন কর্মকর্তা, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিস কে উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটির সদস্য হিসেবে কোঅপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১)উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্র ঋণ বাস্তবায়ন কমিটি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

০১-০১-১৭

শরীফ শাওন
উপজেলা নির্বাহী কর্মকর্তা
সদরপুর, ফরিদপুর
ও
সভাপতি
উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৬- ২২২

তারিখ: ১৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদ পুর, ঢাকা।
২। জেলা প্রশাসক, ফরিদপুর।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৫। অফিসার ইন-চার্জ, সদরপুর থানা, ফরিদপুর।
৬। উপজেলা ................................কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর ও সদস্য অত্র কমিটি।
৭। জনাব/জনাবা.................................................সদরপুর, ফরিদপুর।
৮। অফিস কপি।

৩১/০৩/২০২৬

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
উপজেলা সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কমিটি